টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
(দাদাঠাকুর)

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে পৌষ বুধবার, ১৩৭৬ ইং 14th Jan. 1970 | ৩২শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ড্রাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

দীর্ঘকালীন দুরারোগ্য ও জটিল
ব্যাধিগ্রস্তেরা হতাশ হইবেন না। বিশেষ যত্নের সহিত চিকিৎসা করা হয়। সাক্ষাৎ করুন।
ডাঃ তপোময় চৌধুরী, এম-এ
রেজিষ্টার্ড হোমিওপ্যাথ
নীলরতন কলোনী, রঘুনাথগঞ্জ।



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44

এক শাড়ী যোগাড় করা প্রাণান্ত,
লোকে লাকসারী নিয়ে ব্যস্ত।
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে পৌষ বুধবার সন ১৩৭৬ সাল।

## ভারতের স্বাধীনতাকামীদিগের মধ্যে বারীন্দ্রকুমার ঘোষের স্থান

—০—

৭ই জানুয়ারী ২২শে পৌষ অগ্নিযুগের বিপ্লবস্রষ্টা শ্রীবারীন্দ্রকুমার ঘোষের জন্মদিন। ইংরেজ শাসনে ব্যথিত, অধীনতাশৃঙ্খল-ছেদন-প্রয়াসী জনগণের মধ্যে বারীন্দ্রকুমারের নাম কাহারও অপেক্ষা নিম্নস্তরের নহে। বরং কায়মনোবাক্যে মাত্র কয়েকজন তরুণ বাঙালী লইয়া ইংরেজ উচ্ছেদ কামনায় সশস্ত্র বিপ্লব তাঁহার পূর্ব্বে কেহ আনিতে পারেন নাই।

ইংরেজের শাসন আরম্ভ হইবার অব্যবহিত পরেই জীবন আহুতি দেন মহারাজা নন্দকুমার। তারপর রাজা রামমোহন রায় হইতে আরম্ভ করিয়া রাজনারায়ণ বসু, সুরেন্দ্রনাথ, বিপিন পাল, কৃষ্ণকুমার মিত্র প্রমুখ বাঙালী নেতৃবৃন্দ অধীনতা শৃঙ্খল ছেদন করিবার জন্য নানা প্রচেষ্টা করিয়াছেন। এ কথা বলিলে অত্যুক্তি হইবে না— যে "মারি বা মরি" এ প্রতিজ্ঞা গীতা ও অসি স্পর্শ করিয়া আর কেহ করেন নাই। যখন বারীন্দ্রকুমার শেষ নির্ব্বাসন দণ্ড প্রাপ্ত হইয়া সদৈন্যে আণ্ডামান বন্ধন অবস্থায় যাত্রা করিবেন, তাহার অব্যবহিত পূর্ব্বে ব্রিটীশ ন্যায় বিচারের উপর যে বোমা নিক্ষেপ করিয়া গিয়াছিলেন, ব্রিটীশের ন্যায়ের নামে অত্যাচারের মূর্ত্ত-বিকাশ ইতিহাস চিরদিন ঘোষণা করিবে।

বারীন্দ্রের বিশ্বস্ত সৈনিক শ্রীবিভূতি সরকার ও প্রফুল্ল চাকী দুজনে বাঙলার লাট সার এণ্ড্‌ ফ্রেজার এর ট্রেন ধ্বংস করিবার জন্য নারায়ণগড়ের নিকট রেল লাইনে ডিনামাইট পুঁতিয়া রাখেন। লাইন ও ট্রেন জখম হয়। লাট সাহেব প্রাণে প্রাণে রক্ষা পান। বাঙলার পুলিশ দশ বারো জন নির্দ্দোষী কুলিকে মারের চোটে এই ট্রেন ধ্বংসের স্বীকারোক্তি করাইয়া দশ বৎসর করিয়া নির্ব্বাসন দণ্ডে দণ্ডিত করাইবার ব্যবস্থা করেন।

কুরুক্ষেত্র যুদ্ধে ভীমাত্মজ ঘটোৎকচ যেমন পিতার আদেশে কুরুকুলের উপর পড়িয়া মৃত্যুকালেও বহু কুরু সৈন্য নাশ করেন। বারীন্দ্রকুমারের আদেশে বিভূতিভূষণ তাঁহার বিস্ফোরক স্থাপনের জাজ্জ্বল্যমান প্রমাণ দিয়া পুলিশের অপকর্ম্ম ও ইংরেজের বিচার প্রহসন লোক চক্ষের সম্মুখে প্রতিভাত করিয়া আণ্ডামান যাত্রা করেন। নির্দ্দোষী নির্ব্বাসিত কুলিদের তখন ইংরেজ আণ্ডামান হইতে ফিরাইয়া আনিয়া কাটা কাণ চুল দিয়া ঢাকিবার চেষ্টা করিল। বারীন্দ্রের হাতে ইংরাজ বেশ নাজেহাল যে হইয়াছিল ইহাই তাহার অকাট্য প্রমাণ।

কিন্তু আজকাল আমরা লক্ষ্য করছি—এইসব বিপ্লবীদের নাম বর্ত্তমান যুবগোষ্ঠীর মুখ থেকে উচ্চারিত হয় না। তাদের কাছ থেকে আমরা শুনতে পাই বিদেশী বিপ্লবীদের কথা। মাও সে তুং, লেলিনের নাম উচ্চারিত করতে তারা বেশী আগ্রহী। যাঁরা ভারতের স্বাধীনতার জন্য দেহের শেষ রক্তবিন্দু উৎসর্গ করতে দ্বিধা করেননি তাঁরা আজ স্বাধীন ভারতের যুবসমাজের কাছে কত অজানা, অচেনা হয়ে রইলেন?

---

## অরঙ্গাবাদে

### অনির্দ্দিষ্টকালের জন্য অনশন

১৪/১/৭০ তারিখ বুধবার থেকে অরঙ্গাবাদ বি,ডি, ও অফিসের সম্মুখে বিড়ি শ্রমিকদের প্রতি ন্যায়-বিচারের দাবীতে জঙ্গিপুর মহকুমা মজদুর বিড়ি ইউনিয়নের সাধারণ সম্পাদক প্রাক্তন এম, এল, এ সর্বশ্রী শীশ মহম্মদ, নিজামুদ্দিন ও মহম্মদ মহসীন আমরণ অনশন শুরু করেছেন। তাদের দাবী হচ্ছে, সর্বনিম্ন মজুরির হার অনুসারে এক হাজার বিড়ি তৈরীর জন্য শ্রমিকদের সাড়ে চারটাকা দেওয়ার কথা। কিন্তু সেই জায়গায় একটাকা নব্বই পয়সা করে দেওয়া হয়ে থাকে। চুক্তি অনুসারে দুটাকা আশি পয়সা করে দেওয়ার কথা। কিন্তু মালিকপক্ষ তা কার্যকরী করছেন না। এবং বন্ধ কারখানাগুলি শীঘ্র চালু করতে হবে। এরই প্রতিবাদে বুধবার অরঙ্গাবাদে এক বিরাট শ্রমিক সভা অনুষ্ঠিত হয়। শ্রীশচীন সেন ও শ্রীদেবব্রত ব্যানার্জি প্রভৃতি নেতারা এই সভায় বক্তৃতা দেন।

---

### ভোটার তালিকা সংশোধিত

সরকারী সংবাদে প্রকাশ যে ৪৬নং ফরাক্কা, ৪৭নং সুতী, ৪৮নং জঙ্গিপুর ও ৪৯নং সাগরদীঘি বিধান সভার নির্বাচন কেন্দ্রের খসড়া নির্ব্বাচক তালিকার সংশোধন সূচী সহ প্রত্যেকটি নির্বাচন কেন্দ্রের একটি প্রতিলিপি ১৯৭০ সালের ১৫ই জানুয়ারী প্রকাশিত হয়েছে ও তাহা জনসাধারণের পরিদর্শনের জন্য উক্ত তারিখ হতে একমাস জঙ্গিপুর নির্ব্বাচন কেন্দ্র বাদে মহকুমা শাসকের অফিসে ও স্ব স্ব ব্লক অফিসে রাখা হয়েছে। জঙ্গিপুর বিধান সভা নির্বাচন কেন্দ্রের তালিকার প্রতিলিপি কেবলমাত্র জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসে রাখা হয়েছে।

—জঙ্গিপুর মহকুমা তথ্যদপ্তর

---

### পোকালাগা ধান

জেলার বিভিন্ন স্থানের মত জঙ্গিপুর মহকুমার অনেক অঞ্চলে ধানে ব্যাপকহারে পোকা লাগায় ধানের ফলন কোথাও অর্দ্ধেক আবার কোথাও তার চেয়েও কম হয়েছে বলে খবর পাওয়া যাচ্ছে। এখনও সকল স্থানে ধান পেটান (ঝাড়া) শেষ হয়নি। এই অবস্থায় চাষীদের মধ্যে দারুণ হতাশার সৃষ্টি হয়েছে। ব্লক অফিস যথার্থ ফলন অনুসন্ধান করুন এবং ঘোষণা করুন। কোন কোন ব্লকে বেশী পোকা লেগেছিল এবং তার কারণ কি? বিস্তারিত তথ্য প্রকাশ করুন।

---

## ভেজাল দুগ্ধে কারাদণ্ড

ধুলিয়ান মিউনিসিপ্যালিটির খাদ্য-পরিদর্শক মহাশয় ভেজাল দুগ্ধ বিক্রয়ের জন্য দেওনাপুর গ্রামের শ্রীখাবিরুদ্দিন সেখ ও শ্রীমালেক সেখের বিরুদ্ধে অভিযোগ করেন। জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট মহোদয়ের বিচারে অভিযুক্ত ব্যক্তিদ্বয়ের প্রত্যেকের একশত টাকা অর্থদণ্ড ও পনর দিন সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

## ভেজাল হলুদ গুঁড়ো বিক্রয়ে কারাদণ্ড

রঘুনাথগঞ্জ থানার লালখাঁর দিয়ার গ্রামের শ্রীনাকফুরু মণ্ডল ভেজাল হলুদ গুঁড়ো বিক্রয় করিবার জন্য ধুলিয়ান যায়। সেখানকার খাদ্য-পরিদর্শক মহাশয় তাহার বিরুদ্ধে অভিযোগ করেন। জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট মহোদয়ের বিচারে অপরাধীর পঞ্চাশ টাকা অর্থদণ্ড ও একমাস সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

## সহানুভূতি

জঙ্গিপুর পৌরসভার স্যানিটারী ইনস্পেকটার কাশীনাথ ঘোষাল মহাশয় গত ৩১শে ডিসেম্বর, ৬৯ বুধবার বহরমপুর সদর হাসপাতালে দেহত্যাগ করেন। তাঁহার পারিবারিক আর্থিক অসঙ্গতি ও অচলাবস্থার পরিপ্রেক্ষিতে পৌর প্রাথমিক শিক্ষক শিক্ষিকা ও অন্যান্য পৌর কর্মচারিগণ নিজেদের মধ্যে চাঁদা তুলিয়া তাঁহার শবদেহ স্থানীয় শ্মশানে আনয়ন ও যথোচিত সৎকারাদির ব্যবস্থা করেন। শিক্ষক-শিক্ষিকাগণের অধিকাংশের নিকট হইতে একটাকা হারে লইয়া পৌর প্রাথমিক শিক্ষক সমিতি মোট ৮০, টাকা এবং অন্যান্য কর্মচারিবৃন্দ মোট ৫১, টাকা এবং কমিশনার শ্রীপরমেশ পাণ্ডে মহাশয় এই কার্যে ১০, টাকা দান করিয়াছেন। স্বর্গীয় ঘোষাল মহাশয়ের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য গত ৫/১/৭০ তারিখে পৌর বিদ্যালয়সহ পৌর-সভার সমস্ত বিভাগ বন্ধ রাখা হয়।

আমরা তাঁহার বিদেহী আত্মার শান্তি কামনা করি এবং তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গকে জানাই আন্তরিক সমবেদনা।

## বি টি কলেজের অধ্যক্ষের পদত্যাগ

বহরমপুর ইউনিয়ন ক্রিশ্চিয়ান ট্রেনিং কলেজের (বি টি কলেজ) অধ্যক্ষ শ্রীঅমিয়কুমার কিস্কু অবশেষে পদত্যাগপত্র পেশ করছেন। অধ্যক্ষ কিস্কুর পদত্যাগের দাবীতে কিছুদিন ধরে কলেজের ভিতরে অবস্থান ধর্মঘট চলছিল। বি টি পাঠরত ছাত্র-ছাত্রীদের দাবীগুলির মধ্যে অন্যতম হলো কলেজের অধ্যক্ষ পদ থেকে অধ্যক্ষ কিস্কুর অপসারণ এবং তার পরিবর্তে অন্য অধ্যক্ষ নিয়োগ।

তা ছাড়া তাঁরা কলেজের বেতনহার কমানোর দাবিও করেছেন। বি টি পঠনরত ছাত্র-ছাত্রীদের অভিযোগ এই যে, ১৯৬৭ সালে লোকসভার সদস্য নির্বাচিত হবার পর থেকে দীর্ঘ দু বছর অধ্যক্ষ অমিয়কুমার কিস্কু বেশীর ভাগ সময় দিল্লিতে বসবাস করেন এবং কলেজের সঙ্গে তাঁর দৈনন্দিন সম্পর্ক নেই বললেও চলে। অধ্যক্ষের অপসারণের দাবিতে কলেজের ছাত্র সংঘ সহর ব্যাপী পোষ্টার অভিযানও চালিয়েছেন।

## এম, এস, পরীক্ষায় কৃতিত্ব

রঘুনাথগঞ্জের প্রবীণ চিকিৎসক শ্রীপার্ব্বতীচরণ মুখোপাধ্যায়, এম-বি মহাশয়ের পুত্র ডাক্তার শ্রীআশীষকুমার মুখোপাধ্যায় দিল্লীর 'অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস্' হইতে এবার বিশেষ কৃতিত্বের সহিত এম, এস, পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

## পরলোকগমন

গত ২৭শে পৌষ সোমবার রঘুনাথগঞ্জের প্রবীণ ব্যবসায়ী হরগোবিন্দ আগরওয়ালা মহাশয় ৮২ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। তিনি এক পুত্র, এক কন্যা, পৌত্র-পৌত্রী, দৌহিত্র-দৌহিত্রী, প্রপৌত্র-প্রপৌত্রী, ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। তিনি সদালাপী মিষ্টভাষী ব্যক্তি ছিলেন। তাঁহার অমায়িক ব্যবহারে সকলেই মুগ্ধ হইতেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার চির শান্তি কামনা করিতেছি।

## বিজ্ঞপ্তি

আগামী ৮-২-৭০ তারিখ রবিবার শ্রীকান্তবাটী পি, এস, এস, শিক্ষানিকেতনের ম্যানেজিং কমিটির পুনর্গঠনের জন্য নির্বাচন হওয়ার যে দিন স্থির ছিল অনিবার্য্য কারণবশতঃ তাহা স্থগিত রহিল। নির্বাচনের পরবর্ত্তী কর্ম্মসূচী পরে জানানো হইবে। ৭-১-৭০

শ্রীসত্যরঞ্জন দাস,
প্রধান শিক্ষক

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই ফেব্রুয়ারী, ১৯৭০

১৯৬৬ সালের ডিক্রীজারী

১২ মনি ডিঃ লালচাঁদ জৈন দেঃ ধীরেন্দ্রনাথ-পাঁড়ে মৃত্যান্তে ওয়ারিশ প্রবীরকুমার পাঁড়ে দিং দাবি ৬৮৪ টাকা থানা সুতী মৌজে নুরপুর ২ শতকের কাত ২৭ পয়সা আঃ ১৫, খং ২৭২৩ ২নং লাট থানা ঐ মৌজা নুরপুর নারায়ণপুর ৪২ শতক জমি খাজনা ধার্য্য নাই আঃ ২৫০, খং ৬৬০ ৩নং লাট মৌজাদি ঐ ১৪ শতকের কাত ৭ পয়সা আঃ ৪০, খং ৬০৬ ৪নং লাট মৌজাদি ঐ, ৭৬ শতকের কাত ২.৫২ পয়সা আঃ ৩০০, খং ৫৯৩

১৯৬৯ সালের ডিক্রীজারী

১৫ অন্য ডিঃ এমদাদুল হক দেঃ তুহর সেখ দিং দাবি ১০৭.৬২ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ২৭ শতকের কাত পরতামত ৩৶. আঃ ১০০, খং ২৪০ রায়ত স্থিতিবান

১৭ অন্য ডিঃ মোহনলাল সেরাওগী দেঃ ওয়াজেদ আলি সেখ দাবি ৯৯.৬০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দিয়াড় রাণীনগর ৯৭ শতকের কাত ১৷৶. তন্মধ্যে ৭ শতক হারাহরি খাজনা /৯ পাই আঃ ১৫, খং ২৮৬ ২নং লাট থানা ঐ মৌজে রাণীনগর ৩১৮ শতকের কাত ৩৷০ তন্মধ্যে ২১ শতক হারাহরি খাজনা ৷৷০ আঃ ১০০, খং ২৮৩ রায়ত স্থিতিবান

১৯ অন্য ডিঃ সত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায় দেঃ সামমহম্মদ সেখ দিং দাবি ৮১.২০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ১০ শতক জমি আঃ ৫০, খং ৪৫৬

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

# জবাকুসুম

কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ

জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

**রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়**

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |



## আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহোষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়,** বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার :—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। তিন টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)